

# প্রথম ধাপে ভর্তি শেষে কুবিতে আসন ফাঁকা ৩৯১টি

কুবি প্রতিনিধি

১৭ মে, ২০২৫ ১৯:৫৫

শেয়ার

অ +

অ -



সংগ্রহীত ছবি

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ে (কুবি) ২০২৪-২৫ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে প্রথম ধাপে ভর্তি প্রক্রিয়া শেষে তিনটি ইউনিটে মোট ৩৯১টি আসন ফাঁকা রয়েছে।

শনিবার (১৭ মে) বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বিষয়টি নিশ্চিত করেছেন।

আরো পড়ুন



কুবিতে প্রথম বর্ষের ভর্তি শুরু ১২ মে

জানা যায়, 'এ' ইউনিটে (বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ) ৩৫০টি আসনের বিপরীতে প্রথম ধাপে ভর্তি হয়েছেন ১৯৯ জন। এই ইউনিটে ফাঁকা আসনের সংখ্যা ১৫১ টি।

এরমধ্যে ফার্মেসি বিভাগে খালি আছে ২৯টি, রসায়নে ২১টি, গণিতে ১১টি, পদার্থবিজ্ঞানে ২০টি, পরিসংখ্যানে ২০টি, সিএসইতে ২৪টি ও আইসিটিতে ২৬টি আসন।

'বি' ইউনিটে (কলা ও মানবিক, সামাজিক বিজ্ঞান এবং আইন অনুষদ) ৪৪০টি আসনের বিপরীতে ভর্তি হয়েছেন ২৯৭ জন। এই ইউনিটে ফাঁকা আসনের সংখ্যা ১৪৩টি। এরমধ্যে আইন বিভাগে ১৩টি, ইংরেজিতে ২০টি, অর্থনীতিতে ১৫টি, লোকপ্রশাসনে ২১টি, বাংলায় ২৪টি, গণযোগাযোগ ও সাংবাদিকতায় ১৩টি, ন্যূবিজ্ঞানে ২৩টি ও প্রত্নতত্ত্ব বিভাগে ১৪টি আসন ফাঁকা রয়েছে।

এছাড়া 'সি' ইউনিটে (ব্যবসা শিক্ষা অনুষদ) ২৪০টি আসনের বিপরীতে ভর্তি হয়েছে ১৪৩ জন। এখানে ফাঁকা আসনের সংখ্যা ৯৭টি। এরমধ্যে ব্যবস্থাপনা শিক্ষা বিভাগে ১৬টি, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমসে ২৬টি, মার্কেটিংয়ে ৩০টি এবং ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগে ২৫টি আসন ফাঁকা রয়েছে।

শিক্ষার্থী ভর্তির বিষয়ে বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন বলেন, 'এ' ইউনিটে ১৯৯ জন, 'বি' ইউনিটে ২৯৭ জন, 'সি' ইউনিটে ১৪৩ জন ভর্তি হয়েছে।

আর দ্বিতীয় মেধা তালিকা কয়েকদিনের মধ্যে প্রকাশিত হবে।

প্রসঙ্গত, গুচ্ছ থেকে বের হয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষে নিজস্ব পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নেয় কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এতে বিশ্ববিদ্যালয়ের ১ হাজার ৩০ টি আসনের বিপরীতে আবেদন করেন ৬৬ হাজার ৪০২ জন ভর্তিচ্ছু শিক্ষার্থী।